ভোরের কাগজ

তারিখ SEP. 13 1999

পৃষ্ঠা ........ কলাম ........

# কম্পিউটার কোর্স উত্তীর্ণ ৬০ শিক্ষার্থীকে সনদ প্রদান

**চট্টগ্রাম অফিস :** কম্পিউটার শিক্ষা প্রতিষ্ঠান 'এনআইআইটি'-এর চট্টগ্রাম কেন্দ্রে কৃতিত্বের সঙ্গে প্রথম সেমিস্টার (এপিএ কোর্স) উত্তীর্ণ দুটি ব্যাচের ৬০ জন ছাত্রছাত্রীকে গত শনিবার সনদপত্র দেওয়া হয়েছে। নাসিরাবাদস্থ কেন্দ্র মিলনায়তনে এক অনুষ্ঠানে তাদের হাতে সনদপত্র তুলে দেন কেডিএস গ্রুপের চেয়ারম্যান, বিশিষ্ট শিল্পপতি আলহাজ খলিলুর রহমান এবং গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক হাসিনা ইকবাল। অনুষ্ঠানে বক্তব্য রাখেন কেডিএস গ্রুপের পরিচালক সেলিম রহমান ও এনআইআইটির চট্টগ্রাম কেন্দ্রের প্রধান দেবজিত সরকার।

অনুষ্ঠানে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের অভিনন্দন জানিয়ে হাসিনা ইকবাল বলেন, নতুন সহস্রাব্দের প্রাক্কালে আধুনিক প্রযুক্তি জ্ঞানে সমৃদ্ধ ও দক্ষ একটি জনশক্তি গড়ে তোলাই এনআইআইটির মূল উদ্দেশ্য।